প্রথম আলো

তারিখ ... 25 JUL 2008

পৃষ্ঠা ৫ কলাম ৮

# বানিয়াচংয়ে স্কুলছাত্রদের ফুসলিয়ে ফরম পূরণ করিয়েছেন শিবিরের নেতারা!

বানিয়াচং (হবিগঞ্জ) প্রতিনিধি

হবিগঞ্জের বানিয়াচংয়ে ইসলামী ছাত্রশিবিরের তিনজন নেতার বিরুদ্ধে উচ্চবিদ্যালয়ের শিক্ষার্থীদের ফুসলিয়ে তাঁদের সংগঠনের সমর্থক ফরম পূরণ করিয়ে নেওয়ার অভিযোগ পাওয়া গেছে।

স্কুলের ছাত্ররা জানায়, গত সোমবার সকাল আটটায় বানিয়াচং থানা (উত্তর) ছাত্রশিবিরের সভাপতি মাহবুবুর রহমান, সাবেক সভাপতি নজরুল ও সোহাগ বানিয়াচং আদর্শ উচ্চবিদ্যালয়ের কাছে গিয়ে ষষ্ঠ ও সপ্তম শ্রেণীর অর্ধশতাধিক ছাত্রকে কিছু সময় ইসলামের কথা শোনার আহ্বান জানিয়ে পাশের বাঁশঝাড়ে নিয়ে যান। বাঁশঝাড়ে ছাত্রদের জড়ো হতে দেখে বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিপুল ভূষণ রায় ও সহকারী শিক্ষক নজরুল ইসলাম খান এগিয়ে গেলে শিবিরের ওই তিন নেতা পালিয়ে যান।

পরে ছাত্ররা শিক্ষকদের কাছে অভিযোগ করে, ধর্মের কথা বলে বিভিন্ন প্রলোভন দেখিয়ে তাদের সেখানে জড়ো করা হয়েছিল। ষষ্ঠ শ্রেণীর ছাত্র মাহমুদুল হাসান জানায়, শিবিরের নেতারা ইসলামের সমর্থনের নামে তাদের কাছ থেকে সমর্থক ফরমে স্বাক্ষর করিয়ে নিয়েছেন।

সপ্তম শ্রেণীর ছাত্র দেলোয়ার হোসেন জানায়, শিবিরের নেতারা সমর্থক ফরম পূরণ করে ছাত্রদের স্বাক্ষর নেওয়ার পর তাদের বলেন, 'তোমরা সবাই এখন খাঁটি মুসলমান হয়েছ।' স্কুলে গিয়ে বেশ কয়েকজন ছাত্রের কাছে শিবিরের নেতাদের বিতরণ করা সমর্থক ফরম, ছাত্রশিবিরের লিফলেট ও *কিশোরকণ্ঠ* ম্যাগাজিন পাওয়া যায়।

বানিয়াচং ছাত্রশিবির (উত্তর) শাখার সভাপতি মাহবুবুর রহমান, সাবেক সভাপতি নজরুল ইসলাম এ ধরনের কর্মকাণ্ড চালানোর কথা অস্বীকার করেন।

ষষ্ঠ শ্রেণীর ছাত্র হৃদয়ের অভিভাবক মোতাব্বির হোসেন ক্ষোভ প্রকাশ করে বলেন, 'শিক্ষকদের অবহেলায় স্কুলগুলোতে দীর্ঘদিন ধরে ছাত্রশিবির এ ধরনের কর্মকাণ্ড চালিয়ে আসছে।'

বানিয়াচং আদর্শ উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক বিপুল ভূষণ রায় বলেন, শিবিরের নেতাদের কর্মকাণ্ড চালাতে নিষেধ করতে এগিয়ে গেলে তাঁরা আমাদের দেখে পালিয়ে যান। তবে ভবিষ্যতে